

কেয়ারারদের জন্য প্রশ্নাবলী

এই জরিপ কিসের জন্য?

এই প্রশ্নাবলী (কোয়েশ্চনেয়ার)ন্যাশন্যাল ক্লিনিক্যাল অডিটের একটি অংশ। এর উদ্দেশ্য হলো বিভ্রান্তি বা স্বরণশক্তিতে সমস্যা রয়েছে এমন লোকদেরকে হাসপাতালে যেসব সেবা দেওয়া হয়, সেগুলোর গুণগত মান উন্নত করা। আমরা সেসব লোকদের কেয়ারারদেরকে (পারিবারিক সদস্যদেরকে বা কি ওয়ার্কারদেরকে) প্রশ্নগুলোর উত্তর দিয়ে স্বরণশক্তিতে সমস্যা সম্পন্ন লোকটি যে সেবাযত্ন পেয়ে থাকেন সে সম্পর্কে আপনাদের মতামত আমাদেরকে জানানোর অনুরোধ করছি। তাছাড়া আগস্ট 2023 এবং অক্টোবর 2023 ভিতরে হাসপাতালে লোকটি ভর্তি হয়ে থাকলে সে সময়ে হাসপাতালের কর্মীরা আপনাদের সাথে যেভাবে যোগাযোগ বা কথাবার্তা বলেছেন সে সম্পর্কেও আমরা আপনার মতামত জানতে চাই।

হাসপাতালগুলো যাতে তাদের সেবাযত্নের মান উন্নত করতে পারে সেজন্য যে ক্ষেত্রগুলোতে সেবার মান ভাল আর যে ক্ষেত্রগুলোতে তা আরো উন্নত করা দরকার তা তুলে ধরে আপনার দেওয়া উত্তরগুলো স্থানীয় এবং জাতীয় রিপোর্টে অন্তর্ভুক্ত করা হবে। আমরা যে কোনো ধরনের মন্তব্যকে স্বাগত জানাবো এবং সেগুলোর সারাংশ তুলে ধরে 2024 সালে রিপোর্ট প্রকাশ করা হবে।

তথ্যের গোপনীয়তা

এই প্রশ্নমালার সব উত্তর গোপন রাখা হবে। হাসপাতালের কর্মীরা আপনার উত্তর দেখার সুযোগ পাবেন না।

এই ফর্ম পূরণ করে আমাদের কাছে পাঠানোর মাধ্যমে আপনি আমাদের রিপোর্টগুলো সহ জাতীয় অডিটে তা ব্যবহার করতে সম্মত হচ্ছেন। আমরা কিভাবে তথ্য উপাত্ত ব্যবহার করি সে সম্পর্কে তথ্য আমাদের ওয়েবসাইটের প্রাইভেসী নোটিসে পাবেন।

যদি আপনি প্রশ্নগুলোর উত্তর না দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে কোনো সমস্যা নেই। এতে আপনি যে ব্যক্তির সেবাযত্ন করেন সেই সেবাযত্নে কোনো ধরনের ত্রুটি বিচ্যুতি হবে না।

এই প্রশ্নপত্রটি একটি অভিযোগপত্র নয়। প্রকল্পের কর্মীরা প্রশ্নের উত্তর দেখতে পারবেন। তবে যেহেতু আমরা আপনার নাম দিতে বলবো না সেহেতু কর্মীরা আপনার ব্যক্তিগত উদ্বেগ কিংবা অভিযোগের ব্যাপারে ব্যবস্থা নিতে পারবেন না। যদি আপনি অভিযোগ করতে চান, তবে অনুগ্রহ করে সংশ্লিষ্ট সেবা সংস্থার সাথে আথবা আপনার লোকাল প্যাশেন্ট এডভাইস এন্ড লিয়াজোঁ সার্ভিস (পিএএলএস) এর সাথে কথা বলুন। তারা অভিযোগ করা সম্পর্কে গোপনীয় ভাবে তথ্য দিতে পারবেন।

যদি আপনি আমাদেরকে কোনো বিপদের ঝুঁকি বা ক্ষতি সম্পর্কে বলেন, তাহলে আমাদেরকে সাথে সাথেই হাসপাতালটির সাথে যোগাযোগ করতে হতে পারে।

Q1 অনুগ্রহ করে হাসপাতালটির নাম দিন:

Q2 লোকটি কখন হাসপাতালে ভর্তি হয়েছিলেন?

- 14 আগস্ট 2023 - 27 অক্টোবর 2023
- 1 জানুয়ারী 2023 - 13 আগস্ট 2023
- 2023 সালের আগে

আপনি যে ব্যক্তিটির সেবাযত্ন করেন তিনি সম্পর্কের দিক দিয়ে আপনার কি হন?

- স্বামী বা স্ত্রী বা পার্টনার
- পরিবারের সদস্য
- বন্ধু
- পেশাদার কেয়ার (স্বাস্থ্য বা সোসাল কেয়ার বিভাগের)
- অন্য কোনো সম্পর্কে

আপনি যার সেবাযত্ন করেন তার প্রধান সেবাযত্নকারীদের মধ্যে আপনিও কি একজন? পারিবারের সদস্য সেবাযত্নকারী বা কি ওয়ার্কার।

- হ্যা
- না

রোগীর সেবাযত্ন

Q3 আপনি কি মনে করেন হাসপাতালের কর্মীদের সবকিছু জানা ছিল এবং আপনি যাকে সেবাযত্ন করেন তার জন্য কি কি করা দরকার তা তারা বুঝতে পেরেছিলেন?

- হ্যা, অবশ্যই
- হ্যা, কিছুটা
- না
- জানি না

Q4 আপনি কি দৃঢ়ভাবে মনে করেন, যে ব্যক্তিকে আপনি সেবাযত্ন করেন তার উপযুক্ত প্রয়োজন অনুযায়ী হাসপাতালের কর্মীরা উচ্চ মান সম্পন্ন সেবাযত্ন দিয়েছিলেন?

- হ্যা, অবশ্যই
- হ্যা, কিছুটা
- না
- জানি না

যোগাযোগ

- Q5** আপনি যাকে সেবাযত্ন করেন তাকে কি হাসপাতালের কর্মীরা যথেষ্ট সাহায্য করেছিলেন? উদাহরণস্বরূপ, খাওয়া দাওয়ায়, পানীয় পান করায়, শরীর পরিষ্কার করায় বা টয়লেট ব্যবহারে।
- হা, অবশ্যই
- হা, কিছুটা
- না
- জানি না
- Q6** আপনি যাকে সেবাযত্ন করেন, তার সাথে কি হাসপাতালের কর্মীরা সম্মানজনক আচরণ করেছিলেন?
- হা, অবশ্যই
- হা, কিছুটা
- না
- জানি না
- Q7** হাসপাতালে থাকাকালে আপনাকে (যথযথ ক্ষেত্রে রোগীকে) কি সেবাযত্ন ও অগ্রগতি সম্পর্কে স্পষ্ট তথ্য দেওয়া হয়েছিল? উদাহরণস্বরূপ, চিকিৎসা পরিকল্পনা ও হাসপাতাল থেকে বিদায় দেওয়া সম্পর্কে।
- হা, অবশ্যই
- হা, কিছুটা
- না
- জানি না
- Q8** ব্যক্তিটির সেবাযত্নের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সময় আপনি যতটুকু চেয়েছিলেন ততটুকু কি আপনাকে (যথযথ ক্ষেত্রে রোগীকে) শরীক রাখা হয়েছিল?
- হা, অবশ্যই
- হা, কিছুটা
- না
- জানি না
- Q9** আপনি যে ব্যক্তির সেবাযত্ন করেন সেই ব্যক্তিটির সেবাযত্ন পরিকল্পনা করায় যাতে সাহায্য হয় সেজন্য ব্যক্তিটির কি কি প্রয়োজন সে সম্পর্কে হাসপাতালের কর্মীরা কি আপনাকে প্রশ্ন করেছিলেন?
- হা, অবশ্যই
- হা, কিছুটা
- না
- জানি না

সার্বিক

Q10 আপনি যে ব্যক্তির সেবাযত্ন করেন তিনি হাসপাতালে থাকাকালে যে সেবাযত্ন পেয়েছেন সে সেবাযত্নের সার্বিক মান কি ধরনের?

- চমৎকার
- খুব ভাল
- ভাল
- মোটামুটি
- খারাপ

Q11 আপনার পরিবারের কারোর বা কোনো বন্ধু/স্বজন সেবাযত্নের বা চিকিৎসার দরকার হয়, তাহলে হাসপাতালটির সেবা নেওয়ার জন্য তাদেরকে আপনার দ্বারা সুপারিশ করার সম্ভাবনা কতটুকু?

- খুব বেশি সম্ভাবনা
- সম্ভাবনা
- সম্ভাবনা বা অসম্ভাবনা কোনোটাই নয়
- সম্ভাবনা নেই
- খুব বেশি অসম্ভাবনা
- জানি না

Q12 সার্বিক দিক দিয়ে একজন কেয়ারার বা সেবাযত্নকারী হিসাবে দায়িত্ব পালনের ব্যাপারে হাসপাতাল থেকে প্রাপ্ত সহায়তায় আপনি কতটুকু সন্তুষ্ট হয়েছেন?

- খুবই সন্তুষ্ট
- কিছুটা সন্তুষ্ট
- কিছুটা অসন্তুষ্ট
- খুবই অসন্তুষ্ট
- আমার কোনো সাহায্যের দরকার নেই/সাহায্য চাই না

Q13 আপনি যে ব্যক্তির সেবাযত্ন করেন সেই ব্যক্তিটি হাসপাতাল থেকে যে সেবা পেয়েছেন সে সম্পর্কে আপনার কোনো মন্তব্য আছে কি? উদাহরণস্বরূপ, আপনি সন্তুষ্ট বা অসন্তুষ্ট হয়েছেন এমন কোনো কিছু।

অনুগ্রহ করে জেনে রাখুন: আপনার যে কোনো মন্তব্য এই হাসপাতাল সম্পর্কিত রিপোর্টে যোগ করা হবে কিন্তু তা জাতীয় রিপোর্টে যোগ নাও করা হতে পারে। রিপোর্টের কোনো তথ্য আপনার নাম পরিচয় থাকবে না। যদি নাম পরিচয় প্রকাশ করে এমন কোনো তথ্য থাকে তবে রিপোর্ট প্রকাশ করার আগে তা সরিয়ে নেওয়া হবে।

আপনার সম্পর্কে

Q14 আপনার লিঙ্গ আপনি কিভাবে বর্ণনা করেন?

- পুরুষ
 মহিলা
 অন্য কোনো লিঙ্গ
 বলতে চাই না

Q15 আপনার বয়স কত?

- 18-24 বছর
 25-34 বছর
 35-44 বছর
 45-54 বছর
 55-64 বছর
 65-74 বছর
 75-84 বছর
 85 বছর বা বেশি
 বলতে চাই না

Q16 অনুগ্রহ করে বলুন আপনার জাতিগত উৎস কি?

- হোয়াইট/হোয়াইট ব্রিটিশ
 ব্লাক বা ব্লাক ব্রিটিশ
 এশীয়ান বা এশীয়ান ব্রিটিশ
 মিশ্র
 অন্য কোনো জাতি
 বলতে চাই না

উত্তর দেওয়ার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ।

NHS Code:

For office use only

NAD reference number:

--	--	--	--	--	--